

বিষয় : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ জয়নাল আবেদীন  
সদস্য (প্রশাসন) ও ইনোভেশন অফিসার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।  
তারিখ : ২০-১২-২০২২ খ্রিঃ।  
সময় : বেলা ১২.০০ ঘটিকা।  
স্থান : ভূমি সংস্কার বোর্ডের সভাকক্ষ, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।


সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর তিনি সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ কে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকার আলোকে “ভূমি সংস্কার বোর্ড-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩” অনুযায়ী সভার এজেন্ডাভুক্ত বিষয়গুলো উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর এজেন্ডাভুক্ত বিষয়গুলো উপস্থাপন করেন। সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দ এবং অন্যান্য কর্মকর্তাগণ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের বিষয়ে তাঁদের মতামত ও পরামর্শ ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- (১) সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নিমিত্ত Inspection Software প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (২) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখতে হবে।
- (৩) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ সরকারি বিধি-বিধান প্রতিপালনপূর্বক ব্যয় করতে হবে।
- (৪) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা জানুয়ারি ২০২৩ মাসে আয়োজন করতে হবে।
- (৫) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের বিষয়ে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।
- (৬) আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের লক্ষ্যে সকল অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)কে পত্র দিতে হবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জয়নাল আবেদীন)

ইনোভেশন অফিসার

ও

সদস্য (প্রশাসন)

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।



স্মারক নম্বর : ৩১.০২.০০০০.০১৩.৩৮.০০১.২২.১৩৯


তারিখ : ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

বিতরণ :

- ১। উপ-ভূমি সংস্কার কমিশনার- ২, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ২। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৩। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- ✓ ৫। সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] :

- ১। উপ-ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ২। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
- ৩। সচিব এর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের অবগতির জন্য]
- ৪। সহকারী ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩/৪/৫/৬/হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য]
- ৬। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) এর ব্যক্তিগত সহকারী, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়দ্বয়ের অবগতির জন্য]
- ৭। অফিস কপি।

  
২০/১২/২২  
(সাবরিনা সুলতানা)  
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩  
(অতিরিক্ত দায়িত্ব)  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।  
ফোন: ০২-৮১৭০১৫৫  
ই-মেইল: alrc3@lrb.gov.bd